



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখঃ ০১/০৩/২০১৭ খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ে শিশুযন্ত্র কেন্দ্র উদ্বোধন

বাংলাদেশের উচ্চশিক্ষা প্রতিষ্ঠান গুলোর মধ্যে এই প্রথম বরিশাল বিশ্ববিদ্যালয়ে উদ্বোধন করা হলো শিশুযন্ত্র কেন্দ্র। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী দেশেরত্ব শেখ হাসিনা বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত কর্মজীবী নারীদের শিশু সন্তানের সুষ্ঠ শারীরিক ও মানসিক বিকাশ লাভ এবং সুরক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে সকল প্রতিষ্ঠানে একটি করে শিশুযন্ত্র কেন্দ্র প্রতিষ্ঠার কথা বলেছিলেন এরই ধারাবহিকতায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক বিশ্ববিদ্যালয়ে কর্মরত নারী শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের শিশু সন্তানের জন্য একটি শিশুযন্ত্র কেন্দ্র স্থাপনের উদ্যোগ গ্রহণ করেন। এ লক্ষ্যে গত ২৩ ফেব্রুয়ারি ২০১৭ তারিখ মাননীয় উপাচার্য মহোদয়ের সহধর্মীনী জনাব মন্তি ইমাম হক বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন-২ এর ৪র্থ তলায় এ শিশুযন্ত্র কেন্দ্রের উদ্বোধন করেন। এ সময় উপস্থিত ছিলেন উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক, ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, সিডিকেট সদস্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের অনারারী প্রফেসর ড. শফিউর রহমান, প্রাক্তন অতিরিক্ত এটর্নি জেনারেল সুপ্রিম কোর্টের সিনিয়র এ্যাডভোকেট এম কে রহমান, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের রিটায়ার্ড চিফ আর্কিটেক্ট আবদুস ছালাম, প্রস্তর মো. শফিউল আলম, গনিত বিভাগের চেয়ারম্যান হেনা রাণী বিশ্বাস, ইংরেজি বিভাগের চেয়ারম্যান তানভীর কায়সার, মার্কেটিং বিভাগের সহকারী অধ্যাপক ফাতেমা-তুজ-জোহরা, বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি এম এ কাইয়ুম, সাধারণ সম্পাদক মোঃ আবু জাফর মিয়া সহ অন্যান্য শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ।

কর্তৃপক্ষের নিদেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রামি

উপ-পরিচালক (চলতি দায়িত্ব)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

(b.university.pro@gmail.com)